

## রাজধানী

# ইবতেদায়ী মাদ্রাসা জাতীয়করণে শিক্ষকদের ‘আলটিমেটাম’

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২৭ জানুয়ারি ২০২৫, ১৯: ২৬



প্রাথমিক বিদ্যালয়ের মতো মাদ্রাসা শিক্ষা বোর্ডের নিবন্ধনভুক্ত সব স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা জাতীয়করণের দাবিতে ‘আলটিমেটাম’ দিয়েছেন আন্দোলনরত শিক্ষকেরা। তাঁরা বলেছেন, আগামীকাল (মঙ্গলবার) বেলা দুইটার মধ্যে জাতীয়করণের ঘোষণা না এলে কঠোর কর্মসূচি দিতে বাধ্য হবেন তাঁরা।

আজ সোমবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের সামনে শিক্ষকদের এ সিদ্ধান্তের ঘোষণা দেন স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক ঐক্যজোট আন্দোলন বাস্তবায়ন কমিটির সদস্যসচিব মাওলানা আল আমিন। এ সময় আন্দোলনকারী শিক্ষকেরা নিজেদের দাবিদাওয়া আদায়ে চারুকলার সামনের রাস্তায় অবস্থান কর্মসূচি পালন করছিলেন।

আন্দোলন বাস্তবায়ন কমিটির সদস্যসচিব আল-আমিন প্রথম আলোকে বলেন, ‘আমরা জাতীয়করণের ঘোষণা চাইছি। ইবতেদায়ি মাদ্রাসাকে জাতীয়করণসহ ছয় দফা দাবি ছিল। গতকাল (রোববার) এখানে (শাহবাগে) পুলিশ আমাদের ওপর হামলা করার পর এখন আমাদের এক দফা এক দাবি। সেই দাবি হলো প্রাথমিক বিদ্যালয়ের মতো ইবতেদায়ি মাদ্রাসাকে জাতীয়করণ ঘোষণা করতে হবে।’

ইবতেদায়ি শিক্ষকদের এই নেতা আরও বলেন, গতকাল শিক্ষা উপদেষ্টার কার্যালয়ে তাঁদের ডাকা হয়েছিল। সেখানে তাঁদের আশ্বস্ত করার মতো কোনো কথা বলা হয়নি। বলা হয়েছিল, আজকের মধ্যে একটা সিদ্ধান্ত জানিয়ে দেওয়া হবে। কিন্তু বিকেল চারটা পর্যন্ত অপেক্ষা করেও কোনো সাড়া পাওয়া যায়নি।

আলটিমেটামের ঘোষণা দিয়ে আল-আমিন বলেন, ‘তাদের কাছ থেকে কোনো সিদ্ধান্ত না আসায় নতুন কর্মসূচি ঘোষণা করেছি। আগামীকাল বেলা দুইটার মধ্যে প্রধান উপদেষ্টা বা শিক্ষা উপদেষ্টার পক্ষ থেকে যদি কোনো সিদ্ধান্ত (জাতীয়করণের) না আসে, তাহলে আমরা কঠোর কর্মসূচি দিতে বাধ্য হব।’

এর আগে গতকাল রোববার দুপুরের দিকে শাহবাগে চাকরি জাতীয়করণের দাবিতে অবস্থান নেওয়া ইবতেদায়ি শিক্ষকদের সঙ্গে পুলিশের পাল্টাপাল্টি ধাওয়ার একপর্যায়ে সাউন্ড থ্রেনেড ও জলকামান নিক্ষেপ করে পুলিশ। এ সময় শিক্ষকদের লাঠিপেটাও করে পুলিশ। এতে এক নারীসহ ছয় শিক্ষক আহত হয়েছেন।

স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসাগুলো জাতীয়করণের ঘোষণাসহ ছয় দফা দাবিতে জাতীয় প্রেসক্লাবের সামনে অবস্থান কর্মসূচি থেকে স্মারকলিপি দিতে প্রধান উপদেষ্টার কার্যালয়ে যাচ্ছিলেন ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষকেরা। জাতীয় প্রেসক্লাব থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় হয়ে শাহবাগ থানার সামনে পৌঁছালে পুলিশ তাঁদের লক্ষ্য করে জলকামান নিক্ষেপ করে।

আজ বিকেলে আন্দোলনকারী মাদ্রাসাশিক্ষকদের সঙ্গে সংহতি জানাতে যান বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশনের সাধারণ সম্পাদক এ বি এম ফজলুল করিম। তিনি সেখানে বলেন, অতীতের সব সরকার এই শিক্ষকদের সঙ্গে বৈষম্য, চরম অবহেলা ও অপমান করেছে। এ সরকার বৈষম্যবিরোধী আন্দোলনের ফসল হলেও গতকাল শিক্ষকদের ওপর আক্রমণ, লাঠিপেটা ও জলকামান নিক্ষেপ করে পুলিশ। দ্রুত এই শিক্ষকদের দাবি মেনে নিয়ে তাঁদের ঘরে ফিরে যাওয়ার ব্যবস্থা গ্রহণের আহ্বান জানাচ্ছি।

